

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 07-02-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা আজ স্কুল কলেজের ছাত্রছাত্রীদের দক্ষতা অর্জনের উদ্দেশ্যে স্কীল উদয় তংনাই কর্মসূচীর সূচনা করেন ।
- (২) আগরতলায় আজ থেকে ডেস্টিনেশন ত্রিপুরা, ল্যান্ড অফ অপরচুনিটিস শীর্ষক দুদিনের বিজনেস কনক্লেভ শুরু হয়েছে ।
- (৩) সরকার আজ জানিয়েছে যে উপজাতি এলাকায় স্বাস্থ্যসেবা উন্নত করার উপর বিশেষ মনোযোগ দেয়া হয়েছে ।
- (৪) ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত ৩৮টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড ফের তালিকার শীর্ষে উঠে এসেছে ।

\*\*\*\*\*

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা আজ স্কুল কলেজের ছাত্রছাত্রীদের দক্ষতা অর্জনের উদ্দেশ্যে স্কীল উদয় তংনাই কর্মসূচীর সূচনা করেন। এ উপলক্ষ্যে নরসিংগড়স্থিত টিআইটি অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, এই কর্মসূচিতে রাজ্যের স্কুল এবং কলেজের ৮০ হাজার ছাত্রছাত্রীর ক্ষমতায়ন, কর্মসংস্থান বৃদ্ধি এবং উদ্যোগী হিসেবে গড়ে তুলতে প্রয়াস নেওয়া হবে। এই কর্মসূচির মাধ্যমে সমগ্র শিক্ষা প্রকল্পের অধীনে ৯৮৩টি বিদ্যালয়ের ৭৫ হাজার ছাত্রকে পেশা নির্বাচন এবং বিভিন্ন বাধা অতিক্রম করার জন্য ক্যারিয়ার গাইডেন্স কর্মসূচি, মুখ্যমন্ত্রী

দক্ষতা উন্নয়ন প্রকল্পে ৭ হাজার শিক্ষার্থীকে জিএসটি, ইনকাম টেক্স ফাইলিং, সাইবার সিকিউরিটি, ওয়েব ডিজাইনিং, অ্যানিমেশন প্রশিক্ষণ, রাজ্যের বিভিন্ন কলেজে ১,৬০০ শিক্ষার্থীকে কমিউনিকেশনের ক্ষেত্রে দক্ষ করে তোলা হবে।

#####Byte-CM#####

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেন, রাজ্যের যুবসমাজকে আত্মনির্ভর করার লক্ষ্যে সরকার এই কর্মসূচি চালু করেছে। এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনে কর্মসূচিটি বিশেষ ভূমিকা গ্রহণ করবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিড়ে, দক্ষতা উন্নয়ন অধিদপ্তরের অধিকর্তা মহম্মদ সাজ্জাদ পি।

\*\*\*\*\*

#### **Business Conclave :**

আগরতলায় আজ থেকে শুরু হয়েছে ডেস্টিনেশন ত্রিপুরা, ল্যান্ড অফ অপারচুনিটিস শীর্ষক দুদিনের বিজনেস কনক্লেভ। এই কনক্লেভের মাধ্যমে রাজ্যে তিন হাজার কোটি টাকার বিনিয়োগ হবে বলে আশা প্রকাশ করেছেন শিল্প বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিড়ে। আগরতলার একটি বেসরকারি হোটেলে দুদিনের এই কনক্লেভের উদ্বোধনী পর্বে মুখ্য সচিব জে কে সিনহা এবং শিল্প বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্ব শ্রী বি উপস্থিত ছিলেন। মুখ্য সচিব শ্রী সিনহা বিনিয়োগকারীদের অভিজ্ঞতা সঞ্চয়ে ত্রিপুরা ঘুরে দেখার পরামর্শ দেন। শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিড়ে এক সাক্ষাৎকারে জানান, আগামীকাল মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহার উপস্থিতিতে বিভিন্ন বিনিয়োগকারী সংস্থা এবং ত্রিপুরা সরকারের মধ্যে বেশ কয়েকটি মো স্বাক্ষরিত হবে। কনক্লেভে তামিলনাড়ু, কর্ণাটক, উত্তরপ্রদেশ, দিল্লি, পশ্চিমবঙ্গ এবং আসামসহ দেশের বিভিন্ন রাজ্য থেকে ১৫০ জন বিনিয়োগকারী অংশ নিয়েছেন।

রয়েছেন ত্রিপুরার বিনিয়োগকারীরাও। দুদিনের এই কনক্লেভ ত্রিপুরায় বিনিয়োগের নতুন দরজা খুলে দেবে বলে শ্রী গিতে প্রত্যাশা করেন।

#####Byte-Kiran Gitte#####

\*\*\*\*\*

### PM Surja Ghar Mufat Yojna :

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনায় বিদ্যুতের বিলের সাশ্রয়ের সঙ্গে বাড়তি রোজগারের সুযোগ পাবেন ভোক্তারা। আজ আগরতলায় জিবি বিদ্যুৎ সাব ডিভিশন প্রাঙ্গনে আয়োজিত পিএম সূর্য ঘর মুফত বিজলি যোজনা শিবিরে তিনি একথা বলেন। তিনি বলেন, আগামীদিনে কয়লা ও গ্যাস নিঃশেষ হয়ে গেলে প্রথাগত বিদ্যুৎ উৎপাদন কমে যাবে। সে কথা মাথায় রেখেই প্রধানমন্ত্রী সূর্য শক্তিকে ব্যবহার করে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেবার সিদ্ধান্ত নিয়েছেন। শুধু তাই নয়, প্রধানমন্ত্রী এক সুপারিকল্পিতভাবে প্রতিটি পরিবারকে সরকারি ভর্তুকি সহ বিদ্যুৎ উৎপাদক হিসেবে গড়ে তুলে বিদ্যুৎ নিগমের কাছে অতিরিক্ত বিদ্যুৎ বিক্রির মাধ্যমে উপার্জনের এক অপূর্ব সুযোগ এনে দিয়েছেন। বিদ্যুৎমন্ত্রী জানান, পিএম সূর্য ঘর মুফত বিজলি যোজনার লক্ষ্য আগামী ২০৩০ সালের মধ্যে ৫০০ গিগা ওয়াট বিদ্যুতের উৎপাদন করা। এখন পর্যন্ত দেশে ২০০ গিগা ওয়াট বিদ্যুৎ উৎপাদন নিশ্চিত হয়ে গেছে। তিনি বলেন, এই প্রকল্পের লক্ষ্য হল, বাড়ির ছাদ কেন্দ্রিক সৌর বিদ্যুতের ক্ষমতা বাড়ানো এবং পরিবারগুলিকে তাদের নিজস্ব বিদ্যুৎ উৎপাদনে সক্ষম করা। এদিনের শিবিরে উপস্থিত ছিলেন ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ লিমিটেডের ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসু। শিবিরে প্রায় আড়াইশো জন পিএম সূর্য ঘর মুফত বিজলি যোজনায় নাম নথিভুক্ত করেছেন।

\*\*\*\*\*

## Workshop :

বনমন্ত্রী অনিমেৰ দেবৰ্মা লেঞ্চুছড়া কৃষি মহাবিদ্যালয়ে আজ কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে জলবায়ু পৰিবৰ্তন প্রশমন ও অভিযোজন কৌশল নিয়ে দুই দিনব্যাপী কৰ্মশালাৰ উদ্বোধন কৰেন। উপস্থিত ছিলেন ৰাজ্য সরকারের প্রযুক্তি ও পৰিবেশ ত্ৰিপুৰা ক্লাইমেট চেঞ্জ সেলের অধিকৰ্তা ডঃ মহেন্দ্ৰ সিং, কৃষি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ দেবাসীষ সেন।

\*\*\*\*\*

## Update Akashvani :

এখবৰ শুনছেন, আকাশবাণী আগৰতলা কেন্দ্ৰ থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীৰ সংবাদেৰ আপডেট পেতে লগ ইন কৰুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আৰ ডট কম এবং নিউজ অন এ-আই-আৰ অ্যাপ, এবং টুইটাৰ ও ফেসবুক প্লাটফৰ্মে-এ এ-আই-আৰ-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য কৰুন নিউজ-অন-এআইআৰ-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগৰতলাৰ সংবাদ আপডেট পেতে দেখুন টুইটাৰ বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগৰতলা / ফেসবুকে এ-আই-আৰ নিউজ আগৰতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগৰতলা।

\*\*\*\*\*

## JP Nadda :

সৰকাৰ আজ জানিয়েছে যে উপজাতি এলাকায় স্বাস্থ্যসেবা উন্নত কৰাৰ উপৰ বিশেষ মনোযোগ দেয়া হয়েছে। লোকসভায় সম্পূৰ্ণক প্রশ্নেৰ উত্তরে স্বাস্থ্য ও পৰিবাৰ কল্যাণ মন্ত্রী জেপি নাড্ডা বলেন

যে, রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের সরকারগুলির সক্রিয় সহায়তায় সরকার ভারতের প্রতিটি নাগরিক, বিশেষ করে উপজাতি অঞ্চলের বাসিন্দাদের সর্বোত্তম চিকিৎসা সুবিধা নিশ্চিত করেছে। তিনি আয়ুষ্সহান ভারত প্রকল্প সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

#####Byte-JP Nadda#####

এর আগে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল, সম্পূরক প্রশ্নের উত্তরে বলেন যে গত ৩০ বছরে বিশ্বব্যাপী মাতৃমৃত্যুর হার ৪২ শতাংশে পৌঁছেছে, ভারতে এই হার তুলনামূলকভাবে ৮৩ শতাংশ হ্রাস পেয়েছে। তিনি বলেন, ভারত সরকারের গৃহীত ব্যাপক ও বহুমুখী পদক্ষেপের কারণেই এটি সম্ভব হয়েছে।

\*\*\*\*\*

## **Mahakumbh :**

এবারে মহাকুম্ভের খবর

#####Sound Byte#####

মহাকুম্ভে ত্রিবেণী সঙ্গমে এখন পর্যন্ত ৪০কোটিরও বেশি ভক্ত পবিত্র স্নান করেছেন। প্রয়াগরাজে মকর সংক্রান্তি, মৌনী অমাবস্যা এবং বসন্ত পঞ্চমীতে তিনটি অমৃত স্নানের পরেও ভক্তদের উৎসাহ অব্যাহত রয়েছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ১০ফেব্রুয়ারি ত্রিবেণী সঙ্গমে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

এদিকে, আকাশবাণীর মহানির্দেশক ডঃ প্রজ্ঞা পালিওয়াল গোড় আজ প্রয়াগরাজের মহাকুম্ভ নগরের ৪ নম্বর সেক্টরে অবস্থিত আকাশবাণীর ক্যাম্প অফিস পরিদর্শন করেন। সফরকালে তিনি আকাশবাণীর কর্মকর্তা ও কর্মীদের সঙ্গে মতবিনিময় করেন এবং মহাকুম্ভের ব্যাপক সম্প্রচারের ব্যবস্থা পর্যালোচনা করেন। উল্লেখ্য, আকাশবাণী গত মাসের ১০ তারিখে কুম্ভবাণী চালু করেছিল।

প্রোগ্রামটি 103.5 MHz ফ্রিকোয়েন্সি, নিউজ অন এ আই আর অ্যাপ এবং ওয়েভস ওটিটি-তে শোনা যাবে।

##### Sound Byte #####

\*\*\*\*\*

#### **Rogi Kalyan Samity-Unakoti :**

উনকোটি জেলা হাসপাতালের রোগী কল্যাণ সমিতির এক বৈঠক আজ কৈলাশহরে ডি,এম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন, উনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা শাসক এল দারলং, হাসপাতালের মেডিকেল সুপার ডাঃ রোহন পাল সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। বৈঠক শেষে হাসপাতালের মেডিকেল সুপার ডাঃ রোহন পাল জানান, হাসপাতালে আই.সি.ইউ, জেনেরিক মেডিসিন কাউন্টার ও স্থায়ী পুলিশ পিকেট চালু করার বিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়েছে।

\*\*\*\*\*

#### **PM JANMAN :**

পিএম জনমন প্রকল্পে আজ দক্ষিণ জেলার সাক্রম মহকুমার রূপাইছড়ি ব্লকের গরিফা আয়ুস্মান আরোগ্য মন্দির এলাকার নবৈদ্য পাড়ায় এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। মনুবনকুল প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক ডাঃ সিদ্ধার্থ পাটারী ৩১ জন রোগীকে চিকিৎসার পর বিনামূল্যে ওষুধ প্রদান করেন।

\*\*\*\*\*

#### **Sonamura Press Club & BSF :**

সোনামুড়া প্রেস ক্লাবের উদ্যোগে বিএসএফ ৮১ নম্বর বাহিনীর সহযোগিতায় গতকাল সন্ধ্যায় স্থানীয় বীর মেমোরিয়াল পার্কে

অনুষ্ঠিত হয়েছে "মা তুমি সালাম শীর্ষক "এক দেশাত্মবোধক সংগীতানুষ্ঠান। যুবসমাজকে দেশপ্রেমের ভাবনায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে আয়োজিত এই অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন বিএসএফের শিল্পীরা। তাছাড়া দেশপ্রেমে ব্যতিক্রমী নজির রাখার জন্য জাফর আলী নামে এক টমটম চালককে সংবর্ধনা জানানো হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএসএফ গকুলনগর সেক্টর হেড কোয়ার্টারের DIG ভি.কে কাশানা। অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন সোনামুড়া প্রেস ক্লাবের সম্পাদক অভিজিৎ বর্ধন।

\*\*\*\*\*

#### **Press Meet-Rajorshi Festivals :**

উদয়পুর পুরাতন রাজবাড়ীর ভুবনেশ্বরী মন্দির প্রাঙ্গণে তিনদিনব্যাপী রাজর্ষি উৎসব আগামী ১১ ফেব্রুয়ারী থেকে শুরু হবে। উদ্বোধন করবেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। গোমতি জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায় আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার।

\*\*\*\*\*

#### **Beti Bachao Beti Padhao :**

ভারত সরকারের "বেটি বাঁচাও বেটি পড়াও" কর্মসূচির দশ বছর পূর্তি উপলক্ষ্যে আজ কৈলাসহরে এক সাইকেল রেলি অনুষ্ঠিত হয়। কৈলাশহর মহিলা থানা প্রাঙ্গণ থেকে এই রেলিটি শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। জেলা মহিলা ক্ষমতায়ন কেন্দ্রের উদ্যোগে আয়োজিত এই রেলির সূচনা করেন, কৈলাশহর মহিলা থানার ও.সি রিপিতা ভট্টাচার্য।

\*\*\*\*\*

#### **National Games :**

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত মোট ২৪৩টি স্বর্ণপদকের ফয়সালা হয়েছে। এরমধ্যে ৩৮টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড ফের তালিকার শীর্ষে উঠে এসেছে। ৩০টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক দ্বিতীয় স্থানে এবং ২১টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে।

এদিকে, তীরন্দাজীতে মহিলা বিভাগে ঝাড়খন্ডের অলিম্পিয়ান দীপিকা কুমারী ও পুরুষ বিভাগে পশ্চিমবঙ্গের তারকা জুয়েল সরকার ব্যক্তিগত লড়াইয়ে স্বর্ণপদক পান। লন টেনিসের দলগত লড়াইয়ে মহিলা বিভাগে মহারাষ্ট্র বনাম গুজরাট এবং পুরুষ বিভাগে কর্ণাটক বনাম তামিলনাড়ু ফাইনালে পরস্পরের মুখোমুখি হবে। শ্যুটিং-এ ১০ দিনের লড়াই শেষ হয়েছে। এতে নজরকাড়া সাফল্য ছিল সার্ভিসেস-এর শ্যুটার নীরজ কুমারের। তিনি পুরুষ বিভাগে ৫০ মিটার এয়ার রাইফেল পজিশন থ্রি'তে ৪৬৪ দশমিক ১ স্কোর করে স্বর্ণপদক ছিনিয়ে নেন। এছাড়া ১০ মিটার এয়ার পিস্তলের দলগত মিক্সড বিভাগে হরিয়ানা ১৭-৭ পয়েন্টের ব্যবধানে রাজস্থানকে হারিয়ে স্বর্ণপদক নিশ্চিত করে।

\*\*\*\*\*

### **Sports-Khowai :**

নেশা মুক্ত ত্রিপুরা গড়ার লক্ষ্যে খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে আয়োজিত ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছে খোয়াই পুর পরিষদ এবং রানার্স হয়েছে তুলাশিখর ব্লক। ভলিবলে চ্যাম্পিয়ন হয়েছে তেলিয়ামুড়া পুর পরিষদ এবং রানার্স হয়েছে পদ্মবিল ব্লক। ক্রিকেটে চ্যাম্পিয়ন হয়েছে তেলিয়ামুড়া ব্লক এবং রানার্স হয়েছে খোয়াই ব্লক। ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ এক অনুষ্ঠানে বিজয়ী দলগুলির মধ্যে পুরস্কার বিতরণ করেন। উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবশীষ নাথ শর্মা।



\*\*\*\*\*